**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট
www.kaliganj.lalmonirhat.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | কালীগঞ্জ উপজেলা থোক বরাদ্দ সমন্বয় কমিটি (বিজিসিসি)'র সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | মোছাঃ জাকিয়া সুলতানা<br>উপজেলা নির্বাহী অফিসার কালীগঞ্জ, লালমনিরহাট। |
| তারিখ | : | ২৯/০৬/২০২৫ |
| সময় | : | বেলা ২.০০ ঘটিকা |
| উপস্থিত | : | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং ৪৬.০০.০০০০.০১৮.০২.০০২.১৭(অংশ-৪)-১০২৮, তারিখ: ০৫/০৫/২০২৫ মূলে চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ হতে সাধারণ বরাদ্দ (বিবিজি) এর ২য় কিস্তির ছাড়কৃত অর্থে কালীগঞ্জ উপজেলার ০৮ (আট) টি ইউনিয়ন পরিষদ কর্তৃক গৃহিত প্রকল্পসমূহ এবং স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং ৪৬.০০.০০০০.০১৮.০২.০০২.১৭(অংশ-৪)-১৮৫৫, তারিখ: ২৬ মে ২০২৫ মূলে মদাতী ইউনিয়নের ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদ উন্ন্যন সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ হতে দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি) প্রকল্প ও গোড়ল ইউনিয়ন পরিষদ হতে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উন্নয়ন সহায়তা তহবিল খাত হতে বরাদ্দকৃত বিশেষ অনুদানের প্রকল্পসমূহ সভায় উপস্থাপন করা হয়। ইউনিয়ন পরিষদসমূহ থেকে প্রাপ্ত প্রকল্প তালিকা সভায় যাচাই-বাছাই/পর্যালোচনান্তে বিবিজি'র, পিবিজি'র ও বিশেষ অনুদানে বরাদ্দকৃত অর্থে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ চূড়ান্ত করা হয়। চূড়ান্তকৃত প্রকল্পসমূহ বাস্তবায়নের দ্রুত পদক্ষেপ গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়

**সিদ্ধান্ত : (ক) ২০২৪-২০২৫ অর্থ বছরের বিবিজি'র ২য় কিস্তির অর্থের প্রকল্প পর্যালোচনাপূর্বক চূড়ান্তকরণ :**

**১নং ভোটমারী ইউনিয়নের বাস্তবায়নযোগ্য চূড়ান্ত প্রকল্প তালিকা**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ০১ | ১নং ভোটমারী ইউনিয়নের ২নং ওয়ার্ডের সোহেল মাষ্টারের বাড়ী হতে উত্তরে আবুল কালামের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ | যোগাযোগ | ১-২ | ৫৫৫৩০০.০০ | RFQ |
| ০২ | ১নং ভোটমারী ইউনিয়নের ২নং ওয়ার্ডের সোহেল মাষ্টারের বাড়ীর উত্তরের পুকুরের পশ্চিম পার্শ্বে রাস্তা সংলগ্ন ভাঙ্গায় প্যালাসাইড নির্মাণ। | যোগাযোগ | ১-২ | ৩০০০০০.০০ | |
| | | | মোট | ৮৫৫৩০০.০০ | |

**২নং মদাতী ইউনিয়নের বাস্তবায়নযোগ্য চূড়ান্ত প্রকল্প তালিকা**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ০১ | মদাতী ইউনিয়নের কৈটারী মৌজার হামিদুলের বাড়ী হতে মোশারফের বাড়ীগামী রাস্তা এইচবিবিকরণ। | যোগাযোগ | ৪ | ৮৪১৮০০.০০ | RFQ |
| | | | মোট | ৮৪১৮০০.০০ | |

**৩নং তুষভান্ডার ইউনিয়নের বাস্তবায়নযোগ্য চূড়ান্ত প্রকল্প তালিকা**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | কাঞ্চনশ্বর মধ্যপাড়া জামে মসজিদ পাকা রাস্তার মাথা হতে বানী মুন্সীর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | যোগাযোগ | ৯ | ৫১৫৩০৬.০০ | RFQ |
| ২ | উপজেলা পরিষদ রোড সংলগ্ন দি'নুর স মিলের উত্তর পার্শ্বে পানি নিষ্কার্শনের ড্রেন নির্মাণ | পয়: নিষ্কাশন | ৬ | ২২৫৪৪৭.০০ | |
| ৩ | কাশীরাম মৌজার সটিপাড়া থেকে ঘোনপাড়া পর্যন্ত রাস্তায় এইচবিবিকরণ | যোগাযোগ | | ২২৫৪৪৭.০০ | |
| | | | মোট | ৯৬৬২০০.০০ | |

### ৪নং দলগ্রাম ইউনিয়নের বাস্তবায়নযোগ্য চূড়ান্ত প্রকল্প তালিকা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | দক্ষিণ দলগ্রাম ৬নং ওয়ার্ড ঝাকুয়াপাড়া মসজিদ হতে হোসেনের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ | যোগাযোগ | ৬ | ৬০০০০০.০০ | RFQ |
| ২ | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের জন্য একটি ল্যাপটপ ও কালার প্রিন্টার ক্রয় | মানব সম্পদ | - | ১৫৩৯০০.০০ | |
| | | | মোট | ৭৫৩৯০০.০০ | |

### ৫নং চন্দ্রপুর ইউনিয়নের বাস্তবায়নযোগ্য চূড়ান্ত প্রকল্প তালিকা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | ২নং ওয়ার্ডের বোতলা মৌজার মুক্তা বানিয়ার বাড়ীর পূর্ব পাশের রাস্তায় ইউড্রেন নির্মাণ | পানি নিস্কাশন | ০২ | ২১০৪৫০.০০ | RFQ |
| ২ | ৫নং ওয়ার্ডের হররাম মৌজার গুণধরের বাড়ীর সামনের রাস্তায় ইউড্রেন নির্মাণ | পানি নিস্কাশন | ০৫ | ২১০৪৫০.০০ | |
| ৩ | ৭নং ওয়ার্ডের খামারভাতী মৌজার বুলবুলীর দোকানের উত্তর পাশের রাস্তায় ইউড্রেন নির্মাণ | পানি নিস্কাশন | ০৭ | ২১০৪৫০.০০ | |
| ৪ | ৯নং ওয়ার্ডের নওদাবাস মৌজার রিয়াজ উদ্দিনের বাড়ীর সামনের রাস্তায় ইউড্রেন নির্মাণ | পানি নিস্কাশন | ০৫ | ২১০৪৫০.০০ | |
| | | | মোট | ৮৪১৮০০.০০ | |

### ৬নং গোড়ল ইউনিয়নের বাস্তবায়নযোগ্য চূড়ান্ত প্রকল্প তালিকা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | ৭নং ওয়ার্ডের টেপাটারী কমিউনিটি ক্লিনিকের বাউন্ডারী ওয়াল নির্মাণ | চিকিৎসা | ০৭ | ১৫৭৪০০.০০ | RFQ |
| ২ | ৮নং ওয়ার্ডের সোনাপুকুর হইতে গোড়ল চৌপতি যাওয়ার রাস্তায় রমজান আলীর বাড়ীর সামনে ক্যানেল সংলগ্ন রাস্তায় প্যালাসাইডিং নির্মাণ | যোগাযোগ | ০৮ | ২৫০০০০.০০ | |
| ৩ | ৭নং ওয়ার্ডের বিপুলের বাড়ীর সামনে ক্যানেলের উপর বক্স কালভার্ট নির্মাণ | যোগাযোগ | ০৬ | ২৫০০০০.০০ | |
| | | | মোট | ৬৫৭৪০০.০০ | |

### ৭নং চলবলা ইউনিয়নের বাস্তবায়নযোগ্য চূড়ান্ত প্রকল্প তালিকা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | চলবলা ইউনিয়নের ৭নং ওয়ার্ডের দুহুলী মৌজার সাজু মুদ্দিনের বাড়ী হতে উত্তরে আবুল হোসেনে বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসিকরণ | যোগাযোগ | ০৭ | ৭৩৯৩০০.০০ | RFQ |
| | | | মোট | ৭৩৯৩০০.০০ | |

### ৮নং কাকিনা ইউনিয়নের বাস্তবায়নযোগ্য চূড়ান্ত প্রকল্প তালিকা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | মসজিদপাড়া খালেকের বাড়ী পাশে ইউড্রেন নির্মান | যোগাযোগ | ১ | ৩২৯৪০০.০০ | RFQ |
| ২ | ইশোরকোল রবিউলের বাড়ীর পাশে ইউড্রেন নির্মান | যোগাযোগ | ৬ | ২২০০০০.০০ | |
| ৩ | সিরাজুল মার্কেটের উত্তরে ইউড্রেন নির্মান | যোগাযোগ | ৭ | ২২০০০০.০০ | |
| | | | মোট | ৭৬৯৪০০.০০ | |

চলমান পাতা: ০৩

**২নং মদাতী ইউনিয়নের ২০২৪-২০২৫ অর্থ বছরের দক্ষতা ভিত্তিক পিবিজি'র প্রকল্প তালিকা**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | খালিশা মদাতী সরকারী প্রাথমিক বালিকা বিদ্যালয়ের সামন হতে কুমারটারী গামী রাস্তা এইচবিবিকরণ | যোগাযোগ | ৩ | ৫০০০০০.০০ | RFQ |
| ২ | খালিশা মদাতী মৌজার সামসুদ্দিনের বাড়ির সামন হতে নুর ইসলামের বাড়ী গামী রাস্তা এইচবিবিকরণ | যোগাযোগ | ৭ | ৭২৬২০০.০০ | |
| | | | মোট | ১২২৬২০০.০০ | |

**২নং মদাতী ইউনিয়নের ২০২৪-২০২৫ অর্থ বছরের বিশেষ বরাদ্দে প্রকল্প তালিকা:**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | ওয়ার্ড নং | সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | এ. এম. রথবাড়ী বালিকা উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নিমার্ণ , শ্রেনিকক্ষের মেঝে পাঁকাকরণ ও সিলিং নির্মাণ | শিক্ষা | ১ | ১০০০০০০.০০ | RFQ |
| | | | মোট | ১০০০০০০.০০ | |

চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ হতে ০৮ (আট) টি ইউনিয়নের অনুকূলে সাধারণ বরাদ্দ (বিবিজি), সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদ উন্ন্য়ন সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ হতে মদাতী ইউয়িনের অনুকূলে দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি) প্রকল্প, গোড়ল ও মদাতী ইউনিয়ন পরিষদ হতে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উন্নয়ন সহায়তা তহবিল খাত হতে বরাদ্দকৃত বিশেষ অনুদানের প্রকল্পসমূহ সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদনপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলোঃ

**সিদ্ধান্ত :**

(ক) বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে চূড়ান্ত করা হলো। বিধি মোতাবেক প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ করা হলো।

(খ) পিপিআর-২০০৮ এর বিধান অনুযায়ী স্কিম বাস্তবায়ন করতে হবে। ওয়ার্ড কমিটি কর্তৃক স্কিম বাস্তবায়নের ক্ষেত্রে (সরাসরি ক্রয় পদ্ধতি এবং কমিউনিটি ক্রয় পদ্ধতিতে); স্কিম সুষ্ঠুভাবে বাস্তবায়িত হয়েছে এ মর্মে স্কিম সুপারভিশন কমিটি (এসএসসি) এর সুপারিশ পাবার পর ইউনিয়ন পরিষদ থেকে ক্রস চেকের মাধ্যমে ওয়ার্ড কমিটির চেয়ারম্যান এর অনুকূলে বিল পরিশোধ করতে হবে।

(গ) আরএফকিউ এবং উন্মুক্ত দরপত্রের মাধ্যমে স্কিম বাস্তবায়নের ক্ষেত্রে সুষ্ঠুভাবে স্কিম বাস্তবায়িত হয়েছে এ মর্মে ওয়ার্ড কমিটি এবং এসএসসি উভয়ের নিকট থেকে সুপারিশ পাবার পরই ইউনিয়ন পরিষদ ক্রস চেকেরে মাধ্যমে ঠিকাদার/সরবরাহকারী এর অনুকূলে বিল পরিশোধ করতে হবে।

(ঘ) ক্রস চেক ব্যতীত অন্য কোনভাবে কোন বিল পরিশোধ করা যাবে না; করা হলে তা আর্থিক অনিয়ম হিসাবে গণ্য হবে।

(ঙ) সরাসরি ক্রয় পদ্ধতি এবং কমিউনিটি ক্রয় পদ্ধতি ব্যতীত কোন অবস্থায় ওয়ার্ড কমিটির সভাপতি তথা ইউনিয়ন পরিষদ সদস্য/মহিলা সদস্য এর অনুকূলে কোন চেক ইস্যু করা যাবে না।

(চ) স্কিম সুপারভিশন কমিটি (এসএসসি)-তে উপজেলা নির্বাহী অফিসারের একজন প্রতিনিধি অবশ্যই থাকতে হবে।

(ছ) বিল পরিশোধের ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে আবশ্যিকভাবে আয়কর ও ভ্যাট কর্তন করতে হবে;

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৬/২০২৫

(মোছাঃ জাকিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা বিজিসিসি কমিটি
কালীগঞ্জ, লালমনিরহাট
মোবাইলঃ ০১৭৩৩-৩০০২১৩
unokaliganjlalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট
www.kaliganj.lalmonirhat.gov.bd

স্মারক নং ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০০৮৯.২৫- ৮৫১/১(৫০)

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩২ / ২৯ জুন ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
৬। সিনিয়র সহকারী সচিব, ইউপি-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট।
৮। উপজেলা...................................................... অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
৯। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ..................... (সকল) ইউ,পি, কালীগঞ্জ, লালমনিরহাট।
১০। জনাব.................................................................... কালীগঞ্জ, লালমনিরহাট।
১১। অফিস কপি।

২৯/০৬/২০২৫

(মোছাঃ জাকিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট